



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদরাসা পরিদর্শন দফতর  
[www.iau.edu.bd](http://www.iau.edu.bd)



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং:- ইআবি/পরি/নিয়োগ//২০১৭/৮৩৭৭


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: মাদরাসার নিয়োগ নির্বাচনী বোর্ডে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের প্রতিনিধি মনোনয়নের আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত/সংযোজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মাদরাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ অন্যান্য পদে নিয়োগ নির্বাচনী বোর্ডে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের প্রতিনিধি মনোনয়নের আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত/সংযোজন পূর্বক দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১. মাদরাসার নিজস্ব প্যাডে স্মারক, তারিখ, মোবাইল নম্বর, ই-মেইল/ওয়েব সাইট উল্লেখসহ অধ্যক্ষ/বিধি মোতাবেক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত ও সভাপতি প্রতিস্বাক্ষরিত মাদরাসা পরিদর্শক বরাবর আবেদনপত্র।
২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডি'র হালনাগাদ অফিস আদেশ।
৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্তি নবায়নের হালনাগাদ অফিস আদেশ।
৪. দৈনিক জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মূল কপি।
৫. আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ তালিকা।
৬. মাদরাসার প্যাডে তিন বছরের ফাজিল, ফাজিল অনার্স, কামিল ও কামিল মাস্টার্স পরীক্ষার ফলাফলের তথ্য।
৭. মাদরাসার প্যাডে বর্তমান শিক্ষাবর্ষের মোট শিক্ষার্থীর তথ্য।
৮. জনবল কাঠামো অনুসারে আবেদনকৃত পদে শিক্ষক প্রাপ্যতা আছে কি-না এ মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
৯. নিয়োগ প্রদান যোগ্য পদের বিপরীতে বা মাদরাসা/মাদরাসার গভর্নিং বডি নিয়ে মামলা মোকাদ্দমা সংক্রান্ত ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প সভাপতি ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে অঙ্গীকারনামার মূল কপি।
১০. এক বছরের বেশি সময় পদ শূন্য থাকলে সভাপতি ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে যথাযথ কারণ ব্যাখ্যা।
১১. সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষর যুক্ত পূর্ণাঙ্গ শিক্ষক/কর্মচারীর তালিকা।
১২. বিজ্ঞাপিত পদে কর্মরত অবস্থার সর্বশেষ মাসের প্রাপ্ত এমপিও এবং বেতন বিলের কপি।
১৩. প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিও এবং বেতন বিলের কপি।
১৪. ব্যাংক কর্তৃক প্রদত্ত এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত অনুত্তোলন (নন ড্রয়াল) সনদ।
১৫. পদশূন্য (পদত্যাগ/অবসর/মৃত্যুবরণ/চাকরিচ্যুত) ঘোষণার রেজুলেশন, বিধি মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের রেজুলেশন, নিয়োগ সিদ্ধান্তের রেজুলেশন, আবেদনপত্র যাচাই বাছাই কমিটি গঠন, বাছাই কমিটির প্রতিবেদন গভর্নিং বডিতে অনুমোদনের রেজুলেশন, প্রবিধান মোতাবেক নিয়োগ নির্বাচনী বোর্ড গঠন, একাধিক বিজ্ঞপ্তির ক্ষেত্রে কারণ উল্লেখপূর্ব পরবর্তী বিজ্ঞপ্তি প্রদানের রেজুলেশন, পুনরায় নিয়োগ পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে প্রথম নিয়োগ বোর্ডের সকল সদস্যবৃন্দের স্বাক্ষর ও সীল সম্বলিত রেজুলেশন ও সংশ্লিষ্ট কাগজপত্র।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
07.09.2020

(মুহাম্মদ আখলাকুল আযিয়া)  
সেকশন অফিসার

মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১

arabicuniversity13@gmail.com

বিতরণ: অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সকল ফাজিল ও কামিল মাদরাসা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
২. আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটের শুরুত্বপূর্ণ মেনু ও সকল নোটিশ এ আপলোড করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. অফিস নথি।